

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪২৫

আগরতলা, ৩০ সেপ্টেম্বর, ২০১৮

প্রয়াত মরণজিৎ কেউটের বাড়িতে মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রী

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব, শিক্ষামন্ত্রী রতনলাল নাথ, বিধায়ক আশীষ কুমার সাহা, পশ্চিম জেলার জেলা শাসক ডা. সন্দীপ এন মাহাত্মে প্রমুখ আজ দুপুরে গোলচক্করস্থিত প্রয়াত মরণজিৎ কেউট-এর বাড়িতে গিয়ে তাঁর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাজ্ঞাপন করেন। গত ২৬- সেপ্টেম্বর মরণজিৎ কেউট বিগ বাজার সংলগ্ন হিমাংশু রঞ্জন সাহা'র বাড়িতে কাজ করার সময় বিদ্যুতের ছোঁবলে প্রাণ হারান।

শ্রদ্ধাজ্ঞাপনের পর মুখ্যমন্ত্রিসহ বিশিষ্টজনেরা প্রয়াতের পিতা রাজেন্দ্র কেউট, মাতা মমতা কেউট ও পরিবারের অন্যান্য সদস্য-সদস্যাদের সাথে কথা বলেন ও তাদের সমবেদনা জানান। মুখ্যমন্ত্রী জানান, মরণজিৎ-এর অকাল প্রয়াণে আমরা মর্মান্বিত। রাজ্য সরকার এই পরিবারকে খুব শীঘ্রই ৫ লক্ষ টাকা আর্থিক সাহায্য করবে। মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন পুলিশের ডি আই জি অরিন্দম নাথ, পশ্চিম জেলার পুলিশ সুপার অজিত প্রতাপ সিং, সদর মহকুমা শাসক জয়ন্ত দে প্রমুখ।
